**আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের বার্ষিক প্রতিবেদন**
**(জুলাই ২০২১ - জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত)**

**প্রত্নতাত্ত্বিক খনন ২০২১-২০২২:**

- বাগেরহাট জেলায় খান জাহান (র.) এর বসতভিটা প্রত্নতাত্ত্বিক খনন ৩১ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দে শুরু হয়ে ৫ মার্চ ২০২২ খ্রিস্টাব্দে সমাপ্ত হয়েছে। প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক জনাব রতন চন্দ্র পন্ডিত মহোদয় সস্ত্রীক এই প্রত্নতাত্ত্বিক খনন কাজের উদ্বোধন করেন। প্রত্নতাত্ত্বিক খননের ফলে আনুমানিক ৬০০-৬৫০ বছর প্রাচীন স্থাপত্য কাঠামোর ধ্বংসাবশেষ, দেয়াল, পাথওয়ে, মেঝে উন্মোচিত হয়েছে। প্রাপ্ত প্রত্নবস্তুর মধ্যে রয়েছে বিভিন্ন ধরণের মৃৎপাত্র, কড়ি, পাড়ামাটির ফলকের ভগ্নাংশ, অলংকৃত ইট প্রভৃতি।
- মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে চলমান প্রত্নতাত্ত্বিক খননকার্যক্রম পরিদর্শন ও মতামত প্রদান করেন নিমিত্ত আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট ও চট্টগ্রাম বিভাগের আঞ্চলিক পরিচালক জনাব এ কে এম সাইফুর রহমান মহোদয় ।
- বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ড. মুনতাসীর মামুন মহোদয় ২২ ফেব্রুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ তারিখ চলমান প্রত্নতাত্ত্বিক খননকার্যক্রম পরিদর্শন করেন।
- খুলনা জেলার পাইকগাছা উপজেলার রেজাকপুর গ্রামে অবস্থিত কপিলমুনি ঢিবিতে ১২ মার্চ ২০২২ তারিখ থেকে প্রত্নতাত্ত্বিক খনন কার্যক্রম শুরু হয় এবং ২৩ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দে সমাপ্ত হয়েছে। কপিলমুনি ঢিবি (স্থানীয় নাম শিংয়ের বাগান) প্রত্নতাত্ত্বিক খননে উন্মোচিত হয়েছে একটি বর্গাকার স্থাপত্যিক কাঠামো এবং এর উত্তর, দক্ষিণ ও পশ্চিম দিকের প্রদক্ষিণ দেয়ালের ধ্বংসাবশেষ। প্রত্নতাত্ত্বিক খননে পোড়ামাটির মূর্তির ভগ্নাংশ, কড়ি, পোড়ামাটির ফলকের ভগ্নাংশ, কালো শস্যদানা/চালের নমুনা, অলংকৃত ইট, মৃৎপাত্র প্রভৃতি প্রত্নবস্তু পাওয়া গেছে। প্রাথমিকভাবে বর্গাকার স্থাপত্য কাঠামোর ধ্বংসাবশেষটি আনুমানিক নবম থেকে দ্বাদশ শতকের বলে মনে করা যেতে পারে।
- ১৯ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ তারিখ খননস্থল পরিদর্শন পূর্বক মতামত প্রদান করেন আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সিলেট ও চট্টগ্রাম বিভাগের আঞ্চলিক পরিচালক ।
- খুলনা-৬ আসনের (পাইকগাছা-কয়রা) মাননীয় সংসদ সদস্য আখতারুজ্জামান বাবু সস্ত্রীক ২৪ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ তারিখ কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খননস্থল পরিদর্শন করেন।
- প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক জনাব রতন চন্দ্র পন্ডিত মহোদয় ২৩ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ তারিখ কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খননস্থল পরিদর্শন করেন। এসময় অধিদপ্তরের উপরিচালক (প্রশাসন) উপপরিচালক (প্রত্ন.), আঞ্চলিক পরিচালক, খুলনা সহ খনন টিমের সদস্যবৃন্দ, খনন শ্রমিকগণ ও স্থানীয় ভূমি মালিকগণ উপস্থিত ছিলেন।
- জেলা প্রশাসক, খুলনা জনাব মো. মনিরুজ্জামান তালুকদার মহোদয় ১৭ মে ২০২২ খ্রিস্টাব্দ তারিখ কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খনন কার্যক্রম পরিদর্শন করেন।
- কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খননকালে স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ খননস্থলে আসে।


প্রত্নতত্ত্ব অধিদপ্তররে মহাপরিচালক জনাব রতন চন্দ্র পন্ডতি মহোদয় খানজাহান (র:) বসত ভিটায় খনন উদ্বোধন করনে।


খানজাহান (র.) এর বসতভিটা ঢিবিতে উন্মোচিত স্থাপত্যকাঠামো, মেঝে ও পায়ে চলার পথ


খানজাহান (র:) এর বসতভিটা ঢিবিতে পরিচালিত প্রত্নতাত্ত্বিক খননে প্রাপ্ত প্রত্নবস্তু


সিলেট ও চট্টগ্রাম বিভাগের আঞ্চলিক পরিচালক জনাব এ কে এম সাইফুর রহমান কর্তৃক খননকার্যক্রম পরিদর্শন


বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ড. মুনতাসীর মামুন মহোদয় কর্তৃক খানজাহান (র.) এর বসতভিটা ঢিবি প্রত্নতাত্ত্বিক খননকার্যক্রম পরিদর্শন


কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খননে B-IV/6 বর্গে প্রাপ্ত কালো রঙের পোড়া চালের নমুনা সংগ্রহের আলোকচিত্র


খুলনা জেলার কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খননে উন্মোচিত বর্গাকার স্থাপত্যিক কাঠামোর ধ্বংসাবশেষ


সুন্দরবনের কাছে প্রাচীন নিদর্শন

প্রথমআলো পত্রিকায় কপিলমুণি খনন সম্পর্কে প্রকাশিত প্রতিবেদন


মাননীয় সংসদ সদস্য আখতারুজ্জামান বাবু কর্তৃক কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খনন কাজ পরিদর্শন



প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় কর্তৃক কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খননস্থল পরিদর্শন



জেলা প্রশাসক, খুলনা মহোদয় কর্তৃক কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খননস্থল পরিদর্শন



সিলেট ও চট্টগ্রাম বিভাগের আঞ্চলিক পরিচালক কর্তৃক কপিলমুণি ঢিবি প্রত্নতাত্ত্বিক খননস্থল পরিদর্শন

জরিপ কার্যক্রম:

- ২০২১-২০২২ অর্থবছরে বাগেরহাট জেলার সদর উপজেলায় প্রত্নতাত্ত্বিক জরিপ ও অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা হয়। বাগেরহাট জেলার সদর উপজেলার ১০টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় প্রত্নতাত্ত্বিক জরিপ ও অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করে প্রাথমিকভাবে ১৬৩টি প্রত্নস্থল শনাক্ত করা হয়েছে।



জরিপ টিমের সদস্যবৃন্দ



বিবি বেগনী মসজিদ সংলগ্ন প্রত্নঢিবি ও করব



আলম খাঁ ঢিবি

- প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার অনুসন্ধান ও জরিপ টিম খুলনা জেলার কয়রা উপজেলায় জরিপ ও অনুসন্ধান কাজ সম্পন্ন করেছে। অনুসন্ধান ও জরিপে কয়রা উপজেলার ২২টি প্রত্নস্থল পাওয়া গেছে। ইত্যেমধ্যেই প্রাপ্ত তথ্যের আলোকে প্রাথমিক প্রতিবেদন তৈরি করে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।



খুলনা জেলার কয়রা উপজেলায় জরিপ ও অনুসন্ধান কাজ



খুলনা জেলার কয়রা উপজেলায় জরিপ ও অনুসন্ধান কাজ



খুলনা জেলার কয়রা উপজেলায় জরিপ ও অনুসন্ধান কাজ

প্রদর্শনী আয়োজন:

- ১৮ ফেব্রুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ তারিখ খানজাহান (র:) এর বসতভিটা ঢিবি প্রত্নতাত্ত্বিক খননে প্রাপ্ত প্রত্নবস্তুর প্রদর্শনীর উদ্বোধন করেন জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়। এসময় স্থানীয় চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, স্থানীয় সংবাদ মাধ্যম কর্মী এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয় খুলনা ও বাগেরহাটের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রত্নবস্তুর প্রদর্শনীটি ২২ ফেব্রুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখা হয়।



প্রত্নবস্তুর প্রদর্শনী উদ্বোধন করেন বাগেরহাট জেলার জেলা প্রশাসক মহোদয়



প্রত্নবস্তুর প্রদর্শনী উদ্বোধন করেন বাগেরহাট জেলার জেলা প্রশাসক মহোদয়



মৃৎপাত্র চত্বর পরিদর্শন করেন বাগেরহাট জেলার জেলা প্রশাসক মহোদয়

**পরিদর্শন:**

- ১০ সেপ্টেম্বর ২০২১ তারিখ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব হাসানুল হক ইনু এমপি. মহোদয় ষাটগম্বুজ মসজিদ ও বাগেরহাট জাদুঘর পরিদর্শন করেন। ১১ সেপ্টেম্বর ২০২১ তারিখ এম.এম.দত্তবাড়ি, সাগরদাঁড়ি, যশোর পরিদর্শন করেন খুলনা বিভাগীয় কমিশনার জনাব মো: ইসমাইল হোসেন। ১৭ সেপ্টেম্বর ২০২১ তারিখ রবীন্দ্র স্মৃতিভবন, দক্ষিণডিহি, ফুলতলা,

খুলনা পরিদর্শন করেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী জনাব মোহাম্মদ হাসান মাহমুদ মহোদয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সচিব জনাব কে এন আলী আজম ২৮ আগষ্ট ২০২১ তারিখ ষাটগম্বুজ মসজিদ ও বাগেরহাট জাদুঘর পরিদর্শন করেন।



জনাব হাসানুল হক ইনু এমপি. মহোদয় বাগেরহাট জাদুঘর পরিদর্শন করেন



জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সচিব জনাব কে এন আলী আজমের ষাটগম্বুজ মসজিদ পরিদর্শন



খুলনা বিভাগীয় কমিশনার জনাব মো:ইসমাইল হোসেন এম.এম.দত্তবাড়ি পরিদর্শন করেন

- বাংলাদেশে নিযুক্ত ভারতের উপ হাইকমিশনার Mr. Binoy George মহোদয় রবীন্দ্র কুঠিবাড়ীতে চলমান সম্প্রসারিত উন্নয়ন কার্যক্রম ০৬ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) রতন চন্দ্র পন্ডিত, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব ফাহিমুল ইসলাম, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের উপ-পরিচালক (প্রশাসন) জনাব খন্দকার মাহাবুবুর রহমান ভারতীয় হাইকমিশনের সেকেন্ড সেক্রেটারি সঞ্জয় জেইন, সহকারী হাইকমিশনার রাজশাহী মি: সঞ্জীব কুমার ভাটি, গণপূর্ত বিভাগ কুষ্টিয়ার নির্বাহী প্রকৌশলী জাহিদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার কুমারখালী মহোদয়সহ অন্যান্য গণ্যমান্য ব্যক্তি ও সরকারী কর্মকর্তাবৃন্দ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: মাহবুব আলী মহোদয় ০৪ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ এম.এম.দত্তবাড়ি, সাগরদাঁড়ি, যশোর পরিদর্শন করেন।



বাংলাদেশে নিযুক্ত ভারতের মাণ্যবর উপ হাইকমিশনার Mr. Binoy George কুঠিবাড়ীতে চলমান সম্প্রসারিত উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেন



বাংলাদেশে নিযুক্ত ভারতের মাণ্যবর উপ হাইকমিশনার Mr. Binoy George কুঠিবাড়ীতে চলমান সম্প্রসারিত উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেন



বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: মাহবুব আলী মহোদয় এম.এম.দত্তবাড়ি পরিদর্শন করেন

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: ফরিদুল হক খান এম.পি. মহোদয় ১১ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদ পরিদর্শন করেন। বিমান বাংলাদেশ এর মাননীয় চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী কার্যালয়ের সাবেক সিনিয়র সচিব জনাব সাজ্জাদুল হাসান মহোদয় ২৬ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ী এবং ২৯ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ এম.এম.দত্তবাড়ি পরিদর্শন করেন।



ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: ফরিদুল হক খান এম.পি. মহোদয় ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদ পরিদর্শন



বিমান বাংলাদেশ এর মাননীয় চেয়ারম্যান জনাব সাজ্জাদুল হাসান মহোদয় এম.এম.দত্তবাড়ি পরিদর্শন



বিমান বাংলাদেশের মাননীয় চেয়ারম্যান জনাব সাজ্জাদুল হাসান মহোদয় শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ী পরিদর্শন

- প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক জনাব রতন চন্দ্র পন্ডিত মহোদয় ৩১ ডিসেম্বও ২০২১ খ্রিস্টাব্দ তারিখ বাগেরহাট জাদুঘর এবং ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদ,আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা এবং খুলনা বিভাগীয় জাদুঘর,বাগেরহাট ও খুলনা জেলায় চলমান "বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলা" এর বিভিন্ন স্টল পরিদর্শন করেন।
- ২৯ ডিসেম্বর ২০২১ তারিখ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মো: এহছানে এলাহী মহোদয়, ২০ ডিসেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ সুপ্রিমকোর্ট এর হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব মো: সেলিম মহোদয় এবং ০২ ডিসেম্বর ২০২১ তারিখ নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদ ও বাগেরহাট জাদুঘর পরিদর্শন করেন।



প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বাগেরহাট ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদ পরিদর্শন



প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বাগেরহাট জাদুঘর পরিদর্শন



হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব মো: সেলিম মহোদয় ষাটগম্বুজ মসজিদ পরিদর্শন


প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় কর্তৃক খুলনা বিভাগীয় জাদুঘর পরিদর্শন


শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মো: এহছানে এলাহী কর্তৃক ষাটগম্বুজ মসজিদ পরিদর্শন


নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন কর্তৃক জাদুঘর পরিদর্শন

- প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক স্বস্ত্রীক মহোদয় ০১ জানুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ তারিখ খুলনা জেলার সংরক্ষিত পুরাকীর্তি দক্ষিণডিহি রবীন্দ্রনাথের শ্বশুরবাড়ী পরিদর্শন করেন। একই দিনে তিনি যশোর জেলার কেশবপুর উপজেলার সংরক্ষিত পুরাকীর্তি ভরত ভায়না বৌদ্ধ মন্দির পরিদর্শন করেন এবং সেখানে টিকিট চালুকরণ কার্যক্রমের সূচনা করেন। এ সময় কেশবপুর উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালক খুলনাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন। একই দিনে তিনি মাইকেল মধুসূদন দত্তের বাড়ি ও শেখপুড়া মসজিদ পরিদর্শন করেন। আঞ্চলিক পরিচালক খুলনা ও কাস্টোডিয়ান, এম.এম.দত্তবাড়ি এ সময় উপস্থিত ছিলেন।
- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. আবুল মনসুর মহোদয় ০৫ জানুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ তারিখ মেহেরপুর আমঝুপি নীলকুঠি প্রত্নস্থল ও প্রদর্শনীকেন্দ্র পরিদর্শন করেন। এ সময় মহাপরিচালক, গণগ্রন্থাগার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল পেকু, তত্ত্বাবধায়ক স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব, জেলা প্রশাসক, মেহেরপুর, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালক খুলনা, কাস্টোডিয়ান শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ী, স্থানীয় প্রশাসন ও বিভিন্ন পেশার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।
- ২২ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ তারিখ Mujib's Bangladesh familiarization tour এর অংশ হিসেবে ১৫ টি দেশের ২৬ জন রাষ্ট্রদূত ও উচ্চ পর্যায়ের প্রতিনিধিগণ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো. এাহবুব আলী মহোদয়ের নেতৃত্বে বাগেরহাট জাদুঘর এবং ষাটগম্বুজ মসজিদ পরিদর্শন করেন। এই সফরে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মো. মোকাম্মেল হোসেন মহোদয় অংশগ্রহণ করেন। এ সময় বাগেরহাট জেলার জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, আঞ্চলিক পরিচালক খুলনা, কাস্টোডিয়ান বাগেরহাট প্রমুখ উপস্থিত ছিলেন।
- বাংলাদেশে নিযুক্ত ব্রুনাই দারুস সালাম'র মহামান্য রাষ্ট্রদূত জনাব হাজী হ্যারিস বিন ওথমান ২৫ মার্চ ২০২২ তারিখ ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদ ও বাগেরহাট জাদুঘর পরিদর্শন করেন।


প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় দক্ষিণডিহি রবীন্দ্রনাথের শ্বশুরবাড়ী পরিদর্শন করেন।


মহাপরিচালক মহোদয় ভরত ভায়না বৌদ্ধ মন্দির প্রদর্শনী কেন্দ্র উদ্বোধন কালে জাতীয় পতাকা উত্তোলন করেন।



মহাপরিচালক মহোদয় ভরত ভায়না বৌদ্ধ মন্দির প্রদর্শনী কেন্দ্র উদ্বোধন করেন এবং টিকিট প্রথা চালু করেন।


প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় সংরক্ষিত পুরাকীর্তি ভরত ভায়না বৌদ্ধ মন্দির পরিদর্শন করেন।


প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় ভরত ভায়না বৌদ্ধ মন্দির প্রদর্শনী কেন্দ্র পরিদর্শন করেন।


প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় যী শেখপুড়া মসজিদ পরিদর্শন করেন।


প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় এম.এম.দত্তবাড়ি, সাগড়দাড়ি জাদুঘর পরিদর্শন করেন


Mujib's Bangladesh familiarization tour এর অংশ হিসেবে ১৫ টি দেশের ২৬ জন রাষ্ট্রদূত ও উচ্চ পর্যায়ের প্রতিনিধিগণ ষাটগম্বুজ মসজিদে


Mujib's Bangladesh familiarization tour এর অংশ হিসেবে ১৫ টি দেশের ২৬ জন রাষ্ট্রদূত ও উচ্চ পর্যায়ের প্রতিনিধিগণ বাগেরহাট জাদুঘরে



সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. আবুল মনসুর মহোদয় কর্তৃক মেহেরপুর আমঝুপি নীলকুঠি প্রদর্শনীকেন্দ্র পরিদর্শন



সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো. আবুল মনসুর মহোদয় মেহেরপুর আমঝুপি নীলকুঠি প্রত্নস্থল ও প্রদর্শনীকেন্দ্র পরিদর্শন করেন



বাংলাদেশে নিযুক্ত ব্রুনাই দারুস সালামে'র মহামান্য রাষ্ট্রদূত জনাব হাজী হ্যারিস বিন ওথমান বাগেরহাট জাদুঘর পরিদর্শন করেন



প্রত্নতত্ত্ব অধিদপ্তররে মহাপরিচালক জনাব রতন চন্দ্র পন্ডিত মহোদয় কর্তৃক বাগেরহাট বই মেলা পরিদর্শন




প্রত্নতত্ত্ব অধিদপ্তররে মহাপরিচালক জনাব রতন চন্দ্র পন্ডিত মহোদয় কর্তৃক খুলনা বই মেলা পরিদর্শন



প্রত্নতত্ত্ব অধিদপ্তররে মহাপরিচালক মহোদয় কর্তৃক বাগেরহাট বই মেলায় বক্তব্য প্রদান

- বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬১তম জন্মবার্ষিকী উপলক্ষে শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ী, কুষ্টিয়ায় আয়োজিত ৩ দিনব্যাপি জাতীয় অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন ড. শিরীন শারমিন চৌধুরী, মাননীয় স্পিকার, বাংলাদেশ জাতীয় সংসদ। তিনি কুঠিবাড়ীর বকুলতলায় একটি বকুল গাছ রোপন করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন মাননীয় সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী, কুষ্টিয়া -৪ আসনের মাননীয় সংসদ সদস্য, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়, স্মারক বক্তা অধ্যাপক ড. সনৎ কুমার সাহা মহোদয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়, সম্মানীত জেলা প্রশাসক, কুষ্টিয়া ও পুলিশ সুপার কুষ্টিয়াসহ রবীন্দ্র গবেষক, শিল্পী ও শ্রোতাবৃন্দ। উদ্বোধনী অনুষ্ঠানে আরোও যোগ দেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সহধর্মিনী ও ইডেন মহিলা কলেজের প্রানিবিদ্যা বিভাগের অধ্যাপক সৈয়দা মঞ্জুয়ারা সুলতানা মহোদয়। সাংস্কৃতিক পর্বে অংশ নেন দেশ বরেণ্য রবীন্দ্রসংগীত শিল্পী রেজোয়ানা চৌধুরী বন্যা, স্বনামধন্য আবৃত্তি শিল্পী ভাস্কর বন্দোপাধ্যায়, বিশিষ্ট নৃত্যশিল্পী শর্মিলা বন্দোপাধ্যায়, সাংস্কৃতিক সংগঠন সুরের ধারা ও নৃত্যনন্দনের শিল্পীবৃন্দ।
- বিশ্বকবির জন্মবার্ষিকী উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব অসীম কুমার দে মহোদয় ৮ ও ৯ মে ২০২২ খ্রিস্টাব্দ তারিখ রবীন্দ্র স্মৃতি ভবন, দক্ষিণডিহি, ফুলতলা ও রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্বপুরূষের বসতভিটা এবং বিভাগীয় জাদুঘর, খুলনা পরিদর্শন করেন।




বিশ্বকবির জন্মবার্ষিকী উপলক্ষে শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ী, কুষ্টিয়ার অনুষ্ঠানে প্রধান অতিথি ড. শিরীন শারমিন চৌধুরী, মাননীয় স্পিকার, বাংলাদেশ জাতীয় সংসদ




বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পিকার, ড. শিরীন শারমিন চৌধুরী কুঠিবাড়ীর বকুলতলায় একটি বকুল গাছ রোপন করেন




শিলাইদহ কুঠিবাড়ী, কুষ্টিয়ায় আয়োজিত অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন বরেণ্য রবীন্দ্রসংগীত শিল্পী রেজোয়ানা চৌধুরী বন্যা



রবীন্দ্রনাথ ঠাকুরের পূর্বপুরুষের বসতভিটা, পিঠাভোগ অনুষ্ঠানে অতিরিক্ত সচিব জনাব অসীম কুমার দে মহোদয়



বিশ্বকবি জন্মবার্ষিকী উপলক্ষে রবীন্দ্র স্মৃতি ভবন ফুলতলা, খুলনার অনুষ্ঠানে শেষ দিনে আগত অতিথীবৃন্দ



রবীন্দ্র স্মৃতি ভবন ফুলতলা, খুলনার অনুষ্ঠানে আঞ্চলিক পরিচালক, খুলনা

**অনুষ্ঠান আয়োজন:**

- বাংলা নববর্ষ ১৪২৯ বঙ্গাব্দ উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয় খুলনা ও বরিশাল বিভাগ এবং খুলনা বিভাগীয় জাদুঘর, খুলনার কর্মকর্তা-কর্মচারীরা জেলা প্রশাসন, খুলনা কর্তৃক আয়োজিত মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণ করেন। বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে সকল জাদুঘর ও প্রত্নস্থান সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখা হয়। শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী, প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা বিনা টিকেটে প্রবেশ করে।

- ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র বার্ষিক অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা, প্রমানক ও মন্ত্রীপরিষদ বিভাগের কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় মূল্যায়ন নির্দেশনা অনুযায়ী আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহের মূল্যায়ন শেষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগ প্রথম স্থান অধিকার করে। অতিমারির কারণে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের প্রধান কার্যালয় কর্তৃক প্রেরিত ক্রেস্টটি ২৫ জুলাই ২০২১ তারিখ অনলাইন অনুষ্ঠানের মাধ্যমে (এ সময় খুলনা আঞ্চলিক কার্যালয়ে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কিছু কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন) গ্রহণ করা হয়।
- অতিমারির কারণে প্রত্নতত্ত অধিদপ্তরের প্রধান কার্যালয় কর্তৃক প্রেরিত শুদ্ধাচার পুরস্কার ২০২০-২০২১ এর জন্য মনোনীত বিভিন্ন গ্রেডের কর্মচারীদের ক্রেস্ট ও সার্টিফিকেট ২৫ জুলাই ২০২১ তারিখ অনলাইন অনুষ্ঠানের মাধ্যমে (এ সময় খুলনা আঞ্চলিক কার্যালয়ে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কিছু কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন) হস্তান্তর করা হয়।


মঙ্গল শোভাযাত্রায়


শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্ত মো. মুখলেছুর রহমান ভূঁঞা সহকারী, কাস্টোডিয়াকে ক্রেস্ট হস্তান্তর


শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্ত মো. খোদাবক্স, ক্যাশ সরকারকে ক্রেস্ট হস্তান্তর

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র ও বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী পালন:**

- ০৫ আগষ্ট ২০২১ তারিখ বিকাল ৩টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র ও বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের ৭২তম জন্মবার্ষিকী উপলক্ষে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগ এবং অধীনস্ত জাদুঘরসমূহে আলোচনা ও দোয়া অনুষ্ঠিত হয়।



শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষে আঞ্চলিক কার্যালয়, খুলনার ডিজিটাল ব্যানার


শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষে এম.এম.দত্তবাড়িতে দোয়া ও আলোচনা অনুষ্ঠান


শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষে ষাটগম্বুজ মসজিদে দোয়া অনুষ্ঠান

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১তম জন্মবার্ষিকী পালন:**

- ০৮ আগষ্ট ২০২১ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মিণী ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯১তম জন্মবার্ষিকী উপলক্ষে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনায় এবং অধীনস্ত জাদুঘরসমূহে আলোচনা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।


বঙ্গমাতার জন্মবার্ষিকী উপলক্ষে আঞ্চলিক পরিচালক কার্যালয়ে দোয়া ও আলোচনা অনুষ্ঠান


বঙ্গমাতার জন্মবার্ষিকী উপলক্ষে বাগেরহাট জাদুঘরে আলোচনা অনুষ্ঠান


বঙ্গমাতার জন্মবার্ষিকী উপলক্ষে এম.এম.দত্তবাড়িতে দোয়া অনুষ্ঠান

**শোক দিবস পালন:**

- ১৫ আগষ্ট ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও এর নিয়ন্ত্রণাধীন জাদুঘরসমূহে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী এবং জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগ এবং নিয়ন্ত্রাণাধীন জাদুঘরসমূহে শোকের মাসে ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়। জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, দোয়া অনুষ্ঠান এবং খাদ্য বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়।



শোকের মাস আগষ্ট স্মরণে বাগেরহাট জাদুঘরের ড্রপ ডাউন ব্যানার স্থাপন




রবীন্দ্র কুঠিবাড়ি শিলাইদহ, কুষ্টিয়ার প্রবেশ গেটে ড্রপ ডাউন ব্যানার স্থাপন



জাতীয় শোক দিবসে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার পক্ষে পুষ্পস্তবক অর্পণ



জাতীয় শোক দিবসে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার দোয়া অনুষ্ঠান



বঙ্গবন্ধু কর্ণারে স্থাপিত “সময় রেখা” জাতির পিতার সংক্ষিপ্ত সমগ্র জীবন ও ঘটনা প্রবাহ পাঠ



এম.এম. দত্তবাড়ি সাগরদাঁড়ি, যশোরে পক্ষ থেকে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ



জাতীয় শোক দিবসে রবীন্দ্র কুঠিবাড়ি শিলাইদহ, কুষ্টিয়ার পক্ষ থেকে খাদ্য বিতরণ



শের-ই-বাংলা স্মৃতি জাদুঘর, চাখার বরিশালে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ



কালুপোল রাজার ভিটা প্রদর্শনী কেন্দ্রের পক্ষ থেকে জাতির পিতরা প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮তম জন্মদিন উপলক্ষে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয় খুলনা ও বরিশাল বিভাগ ও অধীনস্ত জাদুঘরসমূহের পক্ষ থেকে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা, ভিডিও ডকুমেন্টারি ‘একটি স্বপ্নের নাম শেখ রাসেল’, শখ রাসেলের বিভিন্ন সময়ের আলোকচিত্র প্রদর্শনী ও দোয়া অনুষ্ঠিত হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সিদ্ধান্ত অনুযায়ী অধীনস্ত জাদুঘরসমূহে শিশুদের জন্য বিনামূল্য দর্শনের ব্যবস্থা করা হয়।



শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়



শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয় খুলনার আলোচনা ও দোয়া অনুষ্ঠান



শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে ষাটগম্বুজ মসজিদ বাগেরহাট এর সভাকক্ষে ভিডিও ডকুমেন্টরী প্রদর্শন

- ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষ্যে সরকারী নির্দেশনা অনুযায়ী ২০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয় খুলনা ও বরিশাল বিভাগ এবং অধীনস্ত জাদুঘরসমূহের পক্ষ থেকে আলোচনা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ষাটগম্বুজ মসজিদ, বাগেরহাটে আলোকসজ্জা করা হয়। ঈদ-ই-মিলাদুন্নবীর সরকারি ছুটিতে অধীনস্ত জাদুঘর ও প্রত্নস্থলসমূহ খোলা রাখা হয়।



ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয় খুলনা এর সভাকক্ষে দোয়া অনুষ্ঠান



ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে ষাটগম্বুজ মসজিদ বাগেরহাট মসজিদে আলোকসজ্জা



ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে রবীন্দ্র স্মৃতি ভবন দক্ষিণডিহি, ফুলতলা খুলনায় দোয়া অনুষ্ঠানের আয়োজন

**ডিজিটাল দিবস পালন:**


- ১২ ডিসেম্বর ২০২১ তারিখ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার সভাকক্ষে ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২১ উপলক্ষে আলোচনার সভার আয়োজন করা হয়।

| | |
|---|---|
|  |  |
| ১২ ডিসেম্বর ২০২১ তারিখ ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২১ এর ব্যানার | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২১ উপলক্ষে আলোচনা অনুষ্ঠানের আয়োজন |



**বিশ্বপর্যটন দিবস পালন:**

- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার পক্ষ থেকে আঞ্চলিক পরিচালক জেলা প্রশাসন কার্যালয়ের সভাকক্ষে বিশ্বপর্যটন দিবস-২০২১ উপলক্ষে আলোচনার সভায় অংশগ্রহণ করেন।

| | | |
|---|---|---|
|  |  |  |
| খুলনা জেলা প্রশাসন বিশ্বপর্যটন দিবস-২০২১ এর আলোচনা সভায় অংশগ্রহণ করেন আঞ্চলিক পরিচালক, খুলনা | খুলনা জেলা প্রশাসন আয়োজিত বিশ্বপর্যটন দিবস-২০২১ এর সভায় আলোচনা করছেন আঞ্চলিক পরিচালক, খুলনা | বিশ্বপর্যটন দিবস-২০২১ উপলক্ষে খুলনা বেতারে প্রবন্ধ পাঠ করেন আঞ্চলিক পরিচালক, খুলনা |

**শহীদ বুদ্ধিজিবী দিবস পালন:**

- ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা এবং এর নিয়ন্ত্রণাধীন জাদুঘরসমূহে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এর মধ্যে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন, খুলনা বিভাগীয় জাদুঘরের নীচতলায় আলোকচিত্র প্রদর্শনী এবং শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান এর আয়োজন করা হয়।

| | | |
|---|---|---|
|  |  |  |
| শহীদ বুদ্ধিজীবি দিবস ২০২১ উপলক্ষে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় | শহীদ বুদ্ধিজীবি দিবস ২০২১ উপলক্ষে আলোকচিত্র প্রদর্শনী | শহীদ বুদ্ধিজীবি দিবস ২০২১ উপলক্ষে আলোচনা অনুষ্ঠান |

**স্বাধীনতা ও বিজয়ের সুবর্ণজয়ন্তী পালন:**

- ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে দেশব্যাপী বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করার লক্ষ্যে সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠানটি পরিচালনা করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা। আঞ্চলিক পরিচালক কার্যালয়, খুলনা এবং এর নিয়ন্ত্রণাধীন জাদুঘরসমূহে সকল গ্রেডের কর্মকর্তা/কর্মচারীগণ নিজ নিজ জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত শপথ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।
- মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা এবং এর নিয়ন্ত্রণাধীন জাদুঘরসমূহে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ দিনে জাতীয় পতাকা উত্তোলন, স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ, আলোকচিত্র প্রদর্শনী, পতাকা তোরণ নির্মাণ, আলোকসজ্জা, ক্রীড়া প্রতিযোগীতা, আলোচনা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী এদিন সকল জাদুঘর ও প্রত্নস্থল বিনা টিকেটে প্রদর্শিত হয়।




জাতীয় পতাকা উত্তোলন



উপলক্ষে পুষ্পস্তাবক অর্পন



আলোকচিত্র প্রদর্শনী



ক্রীড়া প্রতিযোগীতা, বাগেরহাট



ষাটগম্বুজ মসজিদে দোয়ার আয়োজন



সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠানে অংশগ্রহণ



রবীন্দ্র কুঠিবাড়ির পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ



এম.এম.দত্তবাড়ীর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ



আমঝুপী নীলকুঠিবাড়ির পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ

**মহাকবি মাইকেল মধুসূদন দত্তের ১৯৮তম জন্মবার্ষিকী পালন:**

- ২৫ জানুয়ারী ২০২২ খ্রিস্টাব্দ তারিখ মহাকবি মাইকেল মধুসূদন দত্তের ১৯৮তম জন্মবার্ষিকী উপলক্ষে জেলা প্রশাসন, যশোর ও প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন মাইকেল মধুসূদন দত্তবাড়ি কার্যালয়ের পক্ষ থেকে মাইকেল মধুসূদন দত্তের ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করা হয়।



মহাকবি মাইকেল মধুসূদন দত্তের ১৯৮তম জন্মবার্ষিকী উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ



মহাকবি মাইকেল মধুসূদন দত্তের ১৯৮তম জন্মবার্ষিকী উপলক্ষে জেলা প্রশাসন, যশোর ও প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন মাইকেল মধুসূদন দত্তবাড়ি কার্যালয়ের পক্ষ থেকে মাইকেল মধুসূদন দত্তের ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ

**মহাকবি মাইকেল মধুসূদন দত্তের মৃত্যুবার্ষিকী পালন:**

- মহাকবি মাইকেল মধুসুদন দত্তের মৃত্যুবার্ষিকী উপলক্ষে ২৯ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ এম এম দত্ত বাড়িতে কর্মরত-কর্মচারী ও আনসার সদস্য এবং স্থানীয় লোকদের সমন্বয়ে মাইকেল মধুসূদন দত্তের আবক্ষ মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।



মাইকেল মধুসূদন দত্তের মৃত্যুবার্ষিকী উপলক্ষে পুষ্পস্তবক অর্পণ

**মহান ২১ শে বই মেলায় অংশগ্রহণ:**

- খুলনা বিভাগীয় গণগ্রন্থাগার প্রাঙ্গণে ২৫ ফেব্রুয়ারী ২০২২ তারিখ থেকে ২২ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত অমর একুশে বই মেলায় আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের পক্ষ থেকে মেলায় অংশগ্রহণ করা হয়।



অমর একুশে বই মেলা-২০২২ উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনার স্টল



অমর একুশে বই মেলা-২০২২ উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনার স্টল

**মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলায় অংশগ্রহণ:**

- খুলনা সার্কিট হাউজ প্রাঙ্গণে ১৭ মার্চ ২০২২ তারিখ থেকে ২৩ মার্চ ২০২২ তারিখ পর্যন্ত মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলায় আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের পক্ষ থেকে অংশগ্রহণ করা হয়।



মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলায় আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনার স্টল



মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলায় আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনার স্টল

**মহান একুশে ফেব্রুয়ারি আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস-২০২২ পালন :**

- মহান একুশে ফেব্রুয়ারি ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস-২০২২ খ্রিস্টাব্দ উপলক্ষে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয় , খুলনা ও বরিশাল এবং অধীনস্ত জাদুঘরসমূহের বিভিন্ন গ্রেডের কর্মচারী'গণ রাত ১২.১ মিনিটে সকল শহিদের স্মরণে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। সূর্যোদয়ের সাথে সাথে কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। ভাষার জন্য আত্মদানকারী বীর শহিদ'দের আত্মার মাগফিরাত কামনায় ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদে বাদ জোহর দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়। ২১ ফেব্রুয়ারি, ২০২২ রোজ সোমবার প্রত্নতত্ত্ব অধিদপ্তর খুলনা ও বরিশাল বিভাগের সকল জাদুঘর ও প্রত্নস্থল সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত খোলা থাকে। এ সময়ে বিশেষ চাহিদা সম্পন্ন শিশু-কিশোর, শিক্ষার্থী, বৃদ্ধ ও অটিস্টিক শিশুরা বিনা টিকিটে জাদুঘর ও প্রত্নস্থলে প্রবেশ করেন।



আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস-২০২২ উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার শ্রদ্ধাঞ্জলি



জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়



ষাটগম্বুজ মসজিদ বাগেরহাটে বিশেষ দোয়ার আয়োজন



এম.এম.দত্তবাড়ি, সাগরদাঁড়ি যশোরের শ্রদ্ধাঞ্জলি



বরিশাল বিভাগীয় জাদুঘর, বরিশালের শ্রদ্ধাঞ্জলি



রবীন্দ্র স্মৃতি ভবন ফুলতলা, খুলনার শ্রদ্ধাঞ্জলি

**ঐতিহাসিক ৭ ই মার্চ পালন:**

- ঐতিহাসিক ৭ ই মার্চ ২০২২ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল এবং অধীনস্ত জাদুঘরসমূহে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, জাতির পিতার ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ , আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় । ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদে বাদ যোহর বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়।সকল জাদুঘর ও

প্রত্নস্থলসমূহ "ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২" উপলক্ষে সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত সরকারি নির্দেশক্রমে খোলা থাকে এবং শিশু, কিশোর, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু বা ব্যক্তি এবং সিনিয়র সিটিজেনগণ টিকিট ছাড়া বিনামূল্যে জাদুঘরে প্রবেশ করেন।



ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনায় সুর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন


ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার জাতির পিতার ভাস্কর্যে পুস্পস্তবক অর্পণ


ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ বাগেরহাট জাদুঘর, বাগেরহাটে সুর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়


ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার পক্ষ থেকে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান


ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ আমঝুপি নীলকুঠি, মেহেরপুর প্রদর্শনী কেন্দ্রে সুর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়


ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উপলক্ষে রবীন্দ্র সৃতি ভবন, ফুলতলা খুলনার পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণের জন্য গমন

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন:**

- জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে “বঙ্গাবন্ধুর জন্মদিনের অঙ্গীকার সকল শিশুর সমান অধিকার"- এই শ্লোগান’কে উপজীব্য করে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বিভাগীয় জাদুঘর ভবনে এবং নিয়ন্ত্রণাধীন জাদুঘরসমূহে ড্রপ ডাউন ব্যানার স্থাপন করা হয়। খুলনা ও বরিশাল এবং অধীনস্ত জাদুঘরসমূহে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন, জাতির পিতার ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ ও আলোচনা সভা আয়োজন করা হয়। ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদে বাদ যোহর বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়।সকল জাদুঘর ও প্রত্নস্থলসমূহ "ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২" উপলক্ষে সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত সরকারি নির্দেশক্রমে খোলা থাকে এবং শিশু, কিশোর, বিশেষ চাহিদা সম্পন্ন শিশু বা ব্যক্তি এবং সিনিয়র সিটিজেনগণ টিকিট ছাড়া বিনামূল্যে জাদুঘরে প্রবেশ করেন।বাগেরহাট জাদুঘর, বাগেরহাটে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। বাগেরহাট জাদুঘরের সুভেনির শপে এই চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতা দুটি গ্রুপে ক (১ম-২য় শ্রেণি) ও খ (৩য়-৫ম শ্রেণি) ভাগে আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতা শেষে পুরুস্কার বিতরণ করা হয়। আঞ্চলিক কার্যালয়, খুলনা এবং নিয়ন্ত্রণাধীন জাদুঘসমূহের ভবনে আলোকসজ্জা করা হয়।


১৭ই মার্চ ২০২২ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার পক্ষ থেকে খুলনা বেতারে জাতির পিতার ভাস্কর্যে পুস্পস্তবক অর্পণ


১৭ই মার্চ ২০২২ ষাটগম্বুজ মসজিদ, বাগেরহাটে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন


১৭ই মার্চ ২০২২ বাগেরহাট জাদুঘর, বাগেরহাটে চিত্রাঙ্কন প্রতিযোগীতার পুরুস্কার বিতরণ


১৭ই মার্চ ২০২২ রবীন্দ্র কুঠিবাড়ি, শিলাইদহ, কুষ্টিয়ার পক্ষ থেকে জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ


১৭ই মার্চ ২০২২ কপিলমুনি ঢিবিতে সুর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন



রবীন্দ্র কুঠিবাড়ি শিলাইদহ, কুষ্টিয়ায় ড্রপডাউন ব্যানার স্থাপন


আমঝুপি নীলকুঠি, মেহেরপুর, কুষ্টিয়ায় আলোকসজ্জা


১৭ই মার্চ ২০২২ আমঝুপি নীলকুঠি মেহেরপুর সুর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন


১৭ই মার্চ ২০২২ বরিশাল বিভাগীয় জাদুঘরের পক্ষ থেকে জাতির পিতার ভাস্কর্যে পুস্পস্তবক অর্পণ

**২৫ মার্চ গণহত্যা দিবস পালন:**

- প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের নিয়ন্ত্রণাধীন জাদুঘরসমূহে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়। ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২২ উপলক্ষে দিনব্যাপী গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয় বাগেরহাট জাদুঘর, বাগেরহাটে। ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২২ উপলক্ষে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের নিয়ন্ত্রণাধীন সকল জাদুঘরসমূহে রাত ৯.০০-৯.০১ মিনিটের জন্য প্রতীকি ব্লাক আউট রাখা হয়। ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২২ উপলক্ষে ঐতিহাসিক ষাটগম্বুজ মসজিদে পবিত্র জুম্মার নামাজের পর দোয়া মাহফিল ও বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।




বাগেরহাট জাদুঘরে গণহত্যার উপর দুর্লভ প্রামাণ্যচিত্র প্রদর্শন



২৫ মার্চ গণহত্যা দিবস-২০২২ উপলক্ষে খুলনা বিভাগীয় জাদুঘরে বিশেষ দোয়ার আয়োজন



২৫ মার্চ গণহত্যা দিবস-২০২২ উপলক্ষে ব্লাক আউট কর্মসূচী পালন

**২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন:**

- ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগীয় কার্যালয় এবং নিয়ন্ত্রণাধীন জাদুঘসমূহের জাতীয় পতাকা উত্তোলন, বিভিন্ন ভবনে আলোকসজ্জাকরণ, বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়। সকল জাদুঘর ও প্রত্নস্থলসমূহ "২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস" উপলক্ষে সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত সরকারি নির্দেশক্রমে খোলা থাকে। শিশু, কিশোর, শিক্ষর্থী, শারিরীক প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী এবং সিনিয়র সিটিজেন বিনামূল্যে জাদুঘর পরিদর্শন করেন।



২৬ মার্চ ২০২২ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনায় সুর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়



২৬ মার্চ ২০২২ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার পক্ষ থেকে গল্লামারী স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ



২৬ মার্চ ২০২২ এম.এম.দত্তবাড়ির পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণ এর উদ্দেশ্যে গমন



২৬ মার্চ ২০২২ রবীন্দ্র কুঠিবাড়ি শিলাইদহ, কুষ্টিয়ায় জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ



২৬ মার্চ ২০২২ সুর্যোদয়ের সাথে সাথে কপিলমুনি খনন ফিল্ডে জাতীয় পতাকা উত্তোলন



২৬ মার্চ ২০২২ উপলক্ষে বিশেষ দোয়া অনুষ্ঠানের আয়োজন

**প্রশিক্ষণ আয়োজন:**

- প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার সভাকক্ষে সেপ্টেম্বর ২০২১ তারিখ "ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন, অডিট আপত্তি, নিজদপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কার্যক্রম, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন" বিষয়সমূহের উপর প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে মো: আতাউর রহমান (যুগ্মসচিব), মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা, আহমেদ জিয়াউর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জেলা প্রশাসকের কার্যালয়, যশোর, খন্দকার মো: মাহাবুবুর রহমান, সিনিয়র সহকারী সচিব, উপপরিচালক (প্রশাসন), প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা, আঞ্চলিক পরিচালক, আফরোজা খান মিতা এবং মো: মুরাদ হোসেন, উপসহকারী প্রকৌশলী, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা। করোনাভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়া রোধে প্রশিক্ষণ Google Meet এর মাধ্যমে সম্পন্ন করা হয়। আঞ্চলিক পরিচালক কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের সকল গ্রেডের সর্বমোট ৬১জন কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।



ই গভর্নেন্স বিষয়ক প্রশিক্ষণ



প্রশিক্ষণ প্রদান করেন মো: আতাউর রহমান মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)



প্রশিক্ষণ প্রদান করেন করেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জনাব আহমেদ জিয়াউর রহমান

- প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের আয়োজনে ০৬ ডিসেম্বর ২০২১ তারিখ ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, সেবা প্রদান সংক্রান্ত আইন কানুন, ই-ফাইলিং এর উপর প্রশিক্ষণ কর্মশালা, তথ্য অধিকার আইন-২০০৯ এবং দুর্নীতি প্রতিরোধে সততা ও নৈতিকতা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ০২ ফেব্রুয়ারী ২০২২ তারিখে বাগেরহাট জেলার খানজাহান (রহ.) এর বসতভিটা ঢিবিতে, ০৮ ফেব্রুয়ারী ২০২২ তারিখ ইনোভেশন টিমের সদস্যদের জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়। সবার জন্য ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণটি পরিচালনা করেন Disability Arts Expert সামিউন জাহান দোলা। ০৯ ফেব্রুয়ারী ২০২২ তারিখ অগ্নি নির্বাপন মহড়া ও প্রশিক্ষণ প্রদান করা হয়। ১৯ ফেব্রুয়ারী ২০২২ তারিখ ৩টি সেশনে খানজাহান (রহ.) এর বসতভিটা ঢিবিতে দিনব্যাপি প্রত্নতাত্ত্বিক খনন, ডকুমেন্টেশন ও সংস্কার বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে খুলনা ও বরিশাল বিভাগের সর্বমোট ৪৭ জন বিভিন্ন গ্রেডের কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করেন। ২৮ ফেব্রুয়ারী ২০২২ তারিখ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে খুলনা ও বরিশাল বিভাগের জাদুঘরসমূহে অটিষ্টিক ও প্রতিবন্ধী দর্শনার্থীদের জন্য বিশেষ প্রদর্শনী সজ্জাকরণের লক্ষ্যে বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য ইশারা ভাষার (Sine Language) মাধ্যমে কি ভাবে তথ্য প্রদান করা সম্ভব সে বিষয়ের উপর প্রশিক্ষণ আয়োজন করা হয়। ইশারা ভাষা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন সরকারি দৃষ্টি ও বাক শ্রবন প্রতিবন্ধী বিদ্যালয়, গোয়ালখালী, খালিশপুর, খুলনার সহকারী প্রধান শিক্ষক সৈয়দ সাইম সাজ্জাদ। ৭ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ ই- নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। ১১ জুন ২০২২ তারিখে ১ম, ২য় ও ৩য় শ্রেণীর কর্মকর্তা/ কর্মচারীদের এসি আর, অভিযোগ প্রতিকার ব্যবস্থা জি আর এস সফটওয়্যার, ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সেবা প্রদান সংক্রান্ত, তথ্য অধিকার, তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সম্পর্কে প্রচার কার্যক্রম পরিচালনা বিষয়সমূহের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। সকল প্রশিক্ষণে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার সকল গ্রেডের কর্মচারী এবং নিয়ন্ত্রণাধীন জাদুঘরসমূহের কাষ্টোডিয়ান/ সহকারী কাস্টোডিয়ান/ দায়িত্বপ্রাপ্ত কর্মচারী প্রশিক্ষণ গ্রহন করেন।



প্রশিক্ষণ আয়োজন


সবার জন্য ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে প্রশিক্ষণ


অগ্নি নির্বাপন মহড়া ও প্রশিক্ষণ


অগ্নি নির্বাপন মহড়া ও প্রশিক্ষণ


খানজাহান (র.) এর বসতভিটার প্রত্নঢিবিতে প্রশিক্ষণ


খানজাহান (র.) এর বসতভিটার প্রত্নঢিবিতে প্রশিক্ষণ


খানজাহান (র.) এর বসতভিটার প্রত্নঢিবিতে প্রশিক্ষণ


১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের এসিআর বিষয়ে প্রশিক্ষণ


প্রশিক্ষণে আগত প্রশিক্ষণার্থী

**বিদেশ ভ্রমণ:**

- "TWENTY-THIRD SESSION OF THE GENERAL ASSEMBLY OF STATES PARTIES TO THE CONVENTION CONCERNING THE PROTECTION OF THE WORLD CULTURAL AND NATURAL HERITAGE" শীর্ষক অধিবেশনে যোগদানের জন্য ২১ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ আঞ্চলিক পরিচালক ঢাকা গমণ করেন। তিনি ২৩ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ ফ্রান্সের রাজধানী প্যারিসে গমণ করেন এবং ২৩ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ বাংলাদেশে প্রত্যাবর্তন করেন। অধিবেশনে অংশগ্রহনকারী চার সদস্য বিশিষ্ট দলের নেতৃত্ব দেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব আবুল মনসুর। প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক রতন চন্দ্র পন্ডিত মহোদয়, ইউনেস্কোর বাংলাদেশের প্রতিনিধি ও ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশ দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত খন্দকার মোহাম্মদ তালহা এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালক, খুলনা আফরোজা খান মিতা যোগ দেন।



23 GENERAL ASSEMBLY তে যোগদানকালে ইউনেস্কোর সদর দপ্তরের সামনে বাংলাদেশের প্রতিনিধি দল



23 GENERAL ASSEMBLYতে যোগদানকালে ইউনেস্কোর সদর দপ্তরে ইউনেস্কোর অতিরিক্ত মহাপরিচালকের সাথে বাংলাদেশের প্রতিনিধি দল




23 GENERAL ASSEMBLY তে ইউনেস্কোর সদর দপ্তরের সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে বাংলাদেশের প্রতিনিধি দল



23 GENERAL ASSEMBLY তে ইউনেস্কোর সদর দপ্তরের সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে বাংলাদেশের প্রতিনিধি দল



23 GENERAL ASSEMBLY তে ইউনেস্কোর সদর দপ্তরে বাংলাদেশের প্রতিনিধি দল



Museum of Asiatic Arts-Guimet এর ডেপুটি ডিরেক্টর Vincent Lefevre সংস্কৃতি সচিবের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন

**সভা আয়োজন:**

- ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার সভাকক্ষে ত্রৈমাসিক সমন্বয় সভা, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণ বিষয়ক সভা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা, সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। আঞ্চলিক পরিচালক এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় এ দপ্তরের বিভিন্ন গ্রেডের কর্মকর্তা/কর্মচারী, কাস্টোডিয়ান, সহকারী কাস্টোডিয়ান ও দায়িত্বপ্রাপ্ত কর্মচারী'গণ Google Meet এর মাধ্যমে যুক্ত হয়ে উক্ত সভায় অংশগ্রহণ করেন।
- ০৪ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ কাস্টোডিয়ানের কার্যালয় প্রত্নতত্ত্ব অধিদপ্তর, রবীন্দ্র কুঠিবাড়ি জাদুঘর, শিলাইদহ, কুমারখালী, কুষ্টিয়া এর উদ্যোগে শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ি'তে অবস্থিত নবনির্মিত রেস্টহাউজের সভাকক্ষে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের উপস্থিতিতে অভিযোগ প্রতিকার বিষয়ক স্টেক হোল্ডারগণের সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমারখালী উপজেলার উপজেলা নির্বাহী অফিসার জনাব বিতান কুমার মন্ডল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: শাহীদুল ইসলাম সহকারী কমিশনার (ভূমি), কুমারখালী, কুষ্টিয়া, জনাব গাজী হাসান তারেক বিপ্লব, চেয়ারম্যান, ২নং শিলাইদহ ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া এবং জনাব খন্দকার শফিকুল ইসলাম, পুলিশ পরিদর্শক, ট্যুরিস্ট পুলিশ, কুষ্টিয়া। স্টেক হোল্ডার সভায় সভাপতিত্ব করেন জনাব মো: মুখলেছুর রহমান ভূঁঞা কাস্টোডিয়ান, রবীন্দ্র কুঠিবাড়ি জাদুঘর, কুমারখালী, কুষ্টিয়া এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন রবীন্দ্র কুঠিবাড়ি জাদুঘরের লাইব্রেরিয়ান কাম কাস্টোডিয়ান জনাব মো: বাকী বিল্লাহ।
- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের বার্ষিক কর্মপরিকল্পনাসমূহের অগ্রগতি ও বাস্তবায়ন পর্যালোচনা বিষয়ক সভা ২ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনার সভাকক্ষে অনুষ্ঠিত হয়।
- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা বিষয়ক সভা ২ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনার সভাকক্ষে অনুষ্ঠিত হয়।
- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি ও বাস্তবায়ন পর্যালোচনা বিষয়ক সভা ২ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনার সভাকক্ষে অনুষ্ঠিত হয়।



ত্রৈমাসিক সমন্বয় সভা






সেবা প্রদান বিষয়ক স্টেক হোল্ডারগণের সভা




জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা বিষয়ক সভা

**নতুন সংরক্ষিত পুরাকীর্তি ঘোষণা:**

- ২০২১-২০২২ অর্থ বছরে নড়াইল জেলার সদর উপজেলার লোহাগড়া ও কালিয়া উপজেলায় নিম্নলিখিত ১২টি প্রত্নস্থল প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সংরক্ষিত পুরাকীর্তি ঘোষণা করা হয়েছে। নড়াইল জেলার সদর উপজেলার হাটবাড়িয়া জমিদারবাড়ি রাধা গোবিন্দ মন্দির, কথিত পাতাল ভেদি রাজার রাজবাড়ি ঢিবি, রাজা কেশবরায়ের বাড়ি ঢিবি এবং ভিক্টোরিয়া কলেজের প্রাচীনভবনসমূহ সংরক্ষিত প্রত্নসম্পদ। নড়াইল জেলার লোহাগড়া উপজেলার জমিদার মনিবাবুর বাড়ি, সরকারি আদর্শ মহাবিদ্যালয় প্রাঙ্গাণে জোড় বাংলা মন্দির, ঘোষ জমিদারের নির্মিত শিবমন্দির ও জোড় বাংলা মন্দির, রানী রাশমনি কাচারি, দোলমঞ্চ, সীমানা প্রাচীর, দিঘি, হযরত শাহ দেওয়ান ফয়জুল্লাহ (রহ:) এর নির্মিত নিদর্শন, পোদ্দার জমিদার বাড়ি সংরক্ষিত প্রত্নসম্পদ। নড়াইল জেলার কালিয়া উপজেলার রাণী রাশমনি এষ্টেটের কাচারী বাড়ি, এবং উদয় শংকর ও রবি শংকরের পৈতৃক বাড়ি সংরক্ষিত প্রত্নসম্পদ।

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| হাটবাড়িয়া জমিদারবাড়ি | কথিত পাতাল ভেদি রাজার রাজবাড়ি ঢিবি | রাজা কেশবরায়ের বাড়ি ঢিবি | ভিক্টোরিয়া কলেজের প্রাচীনভবসমূহ সংরক্ষিত প্রত্নসম্পদ |
|  |  |  |  |
| জমিদার মনিবাবুর বাড়ি | সরকারি আদর্শ মহাবিদ্যালয় প্রাংগণে জোড় বাংলা মন্দির | ঘোষ জমিদার নির্মিত শিবমন্দির | ঘোষ জমিদার নির্মিত জোড় বাংলা মন্দির |
|  |  |  |  |
| রানী রাশমনির কাচারি বাড়ি | রানী রাশমনির দোলমঞ্চ | রানী রাশমনির সীমানা প্রাচীর | রানী রাশমনির দিঘি |
|  |  |  |  |
| হযরত শাহ দেওয়ান ফয়জুল্লাহ (র.) এর নির্মিত নিদর্শন | পোদ্দার জমিদার বাড়ি সংরক্ষিত প্রত্নসম্পদ | রানী রাশমনি এষ্টেটের কাচারি বাড়ি | উদয় শংকর ও রবি শংকরের পৈতৃক বাড়ি |


**প্রদর্শনী কেন্দ্র সজ্জিতকরণ:**

- সংরক্ষিত পুরাকীর্তি ভরত ভায়না বৌদ্ধমন্দিরে এককক্ষ বিশিষ্ট প্রদর্শনীকেন্দ্রে প্রত্নতাত্ত্বিক খননে প্রাপ্ত প্রত্ননিদর্শন, প্রত্নবস্তু ও স্থাপত্যকাঠামোর আলোকচিত্র এবং তথ্যসম্বলিত বিবরণের মাধ্যেমে ০২ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ প্রদর্শনী সজ্জা করা হয়েছে।
- সংরক্ষিত পুরাকীর্তি হাজী মুহম্মদ মহাসীনের ইমামবাড়ায় এককক্ষ বিশিষ্ট প্রদর্শনীকেন্দে আলোকচিত্র ও তথ্যসম্বলিত বিবরণের মাধ্যমে ০২ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ প্রদর্শনী সজ্জা করা হয়েছে।

| | | |
|---|---|---|
|  |  |  |
| সংরক্ষিত পুরাকীর্তি ভরত ভায়না বৌদ্ধমন্দিরে এককক্ষ বিশিষ্ট প্রদর্শনীকেন্দ্র | সংরক্ষিত পুরাকীর্তি হাজী মুহম্মদ মহাসীনের ইমামবাড়ায় এককক্ষ বিশিষ্ট প্রদর্শনী সজ্জা | সংরক্ষিত পুরাকীর্তি হাজী মুহম্মদ মহাসীনের ইমামবাড়ায় এককক্ষ বিশিষ্ট প্রদর্শনী সজ্জা |

**রাসায়নিক পরিচর্যা:**

- বিশ্ব ঐতিহ্য "ঐতিহাসিক মসজিদের শহর বাগেরহাট" এর সিঙ্গাইর মসজিদে রাসায়নিক পরিচর্যার কাজ সম্পন্ন হয়েছে।



সিঙ্গাইর মসজিদে রাসায়নিক পরিচর্যা



সিঙ্গাইর মসজিদে রাসায়নিক পরিচর্যা

**বিনষ্টকরণ:**

- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর শুদ্ধাচার কমিটির ০৯ (নয়) সদস্যদের উপস্থিতিতে ০৮ ফেব্রুয়ারী ২০২২ তারিখ অকেজো মালামাল বিনষ্ট করা হয়।




**অকেজো মালামাল বিনষ্টকরণের জন্য একত্রিকরণ**



**অকেজো মালামাল বিনষ্টকরণের জন্য আগুন জ্বালানো হয়**

**অকেজো মালামাল এর নিলাম:**

- খুলনা বিভাগীয় আঞ্চলিক কার্যালয়ের ভান্ডারে রক্ষিত বিভিন্ন অকেজো মালামাল বিধি অনুযায়ী প্রকাশ্য নিলামে বিক্রয় করা হয়। উক্ত নিলাম ডাক ০৮ ফেব্রুয়ারী ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে খুলনা বিভাগীয় জাদুঘরের ক্যাম্পাস প্রাঙ্গানে অনুষ্ঠিত হয়।



ষ্টোরে রক্ষিত অকেজো মালামাল প্রকাশ্য নিলাম প্রদানের জন্য একত্রিকরণ




অকেজো মালামাল প্রকাশ্য নিলাম ডাক

**প্রত্নসম্পদ উদ্ধার ও গ্রহণ:**

- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনায় জানুয়ারী ২০২২ থেকে মার্চ ২০২২ এর মধ্যে দুটি প্রত্নসম্পদ গ্রহণ করা হয়েছে। একটি পিতলের সরস্বতী মূর্তি অন্যটি কাঠের পুতুল গ্রহণ করা হয়েছে। কথিত কষ্টি পাথরের সূর্য্য দেবতার মূর্তি, Victoria Queen-1862 (One Rupe- India)-১টি, সম্রাট আকবর আমলের মুদ্রা-১টি, রামসীতা মুদ্রা-১টি এবং OneRupe-India-1906 (Edward VII King & Emperor)-১টি কয়েনগুলো গ্রহণ করা হয়েছে।



কাঠের পুতুল



কথিত কষ্টি পাথরের সূর্য্য দেবতার মূর্তি



কয়েন

**সেমিনার আয়োজন:**

- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের আয়োজনে গত ২৭ মে ২০২২ **খ্রিস্টাব্দ** তারিখ কুষ্টিয়া জেলার শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ি কার্যালয়ের সেমিনার কক্ষে "শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ির সম্প্রসারিত উন্নয়ন কার্যক্রম শীর্ষক প্রকল্পের সম্পাদিত কার্যক্রমের পর্যালোচনা ও দীর্ঘস্থায়ী রক্ষণাবেক্ষণে করণীয়" বিষয়ে দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়।

- সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব রতন চন্দ্র পন্ডিত মহোদয়, সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন) উপসচিব জনাব মাইনুর রহিম মহোদয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপূর্ত বিভাগ যশোরের নির্বাহী প্রকৌশলী জনাব মো: আরিফুল ইসলাম, মূল প্রবন্ধ উপস্থাপক হিসেবে উপস্থিত ছিলেন গণপূর্ত বিভাগ কুষ্টিয়ার নির্বাহী প্রকৌশলী জনাব মো: জাহিদুল ইসলাম, আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের বিভিন্ন গ্রেডের কর্মকর্তা এবং খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম বিভাগের আঞ্চলিক পরিচালক'গণ ও রবীন্দ্র কুঠিবাড়ী শিলাইদহ, কুষ্টিয়ার কাস্টোডিয়ান।



"শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ির সম্প্রসারিত উন্নয়ন কার্যক্রম শীর্ষক প্রকল্পের সম্পাদিত কার্যক্রমের পর্যালোচনা ও দীর্ঘস্থায়ী রক্ষণাবেক্ষণে করণীয়" বিষয়ক সেমিনার



"শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ির সম্প্রসারিত উন্নয়ন কার্যক্রম শীর্ষক প্রকল্পের সম্পাদিত কার্যক্রমের পর্যালোচনা ও দীর্ঘস্থায়ী রক্ষণাবেক্ষণে করণীয়" বিষয়ক সেমিনার



"শিলাইদহ রবীন্দ্র কুঠিবাড়ির সম্প্রসারিত উন্নয়ন কার্যক্রম শীর্ষক প্রকল্পের সম্পাদিত কার্যক্রমের পর্যালোচনা ও দীর্ঘস্থায়ী রক্ষণাবেক্ষণে করণীয়" বিষয়ক সেমিনার

- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগের আয়োজনে এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকার সহযোগীতায় ২৯ মে ২০২২ খ্রিস্টাব্দ তারিখ রবিবার আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার সেমিনার কক্ষে উদ্ভাবনী ধারণা- "খুলনা বিভাগীয় জাদুঘরে অটিস্টিক ও প্রতিবন্ধী দর্শনার্থীদের জন্য বিশেষ প্রদর্শনী সজ্জাকরণ" বিষয়ে দিনব্যাপী (সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা) সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব রতন চন্দ্র পন্ডিত মহোদয়। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের উপপরিচালক (প্রত্ন ও সংরক্ষণ), প্রত্নসম্পদ সংরক্ষণ শাখার মো: আমিরুজ্জামান মহোদয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপক হিসেবে উপস্থিত ছিলেন সামিউন জাহান দোলা, পরিচালক ও অভিনেত্রী এবং Disability Arts Expert. সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব রতন চন্দ্র পন্ডিত মহোদয়,  নাজিয়া জাবীন, প্রেসিডেন্ট স্পর্শ ফাউন্ডেশন, প্রধান উদ্যোক্তা স্পর্শ ব্রেইল প্রকাশনা, ছড়াকার ও শিশু সাহিত্যিক এবং প্রধান শিক্ষক, সৈয়দ শাইখ সাজ্জাদ, সরকারি বাক ও শ্রবন প্রতিবন্ধী বিদ্যালয়, গোয়ালখালী, খালিশপুর, খুলনা।



"খুলনা বিভাগীয় জাদুঘরে অটিস্টিক ও প্রতিবন্ধী দর্শনার্থীদের জন্য বিশেষ প্রদর্শনী সজ্জাকরণ" বিষয়ক সেমিনার



"খুলনা বিভাগীয় জাদুঘরে অটিস্টিক ও প্রতিবন্ধী দর্শনার্থীদের জন্য বিশেষ প্রদর্শনী সজ্জাকরণ" বিষয়ক সেমিনার



"খুলনা বিভাগীয় জাদুঘরে অটিস্টিক ও প্রতিবন্ধী দর্শনার্থীদের জন্য বিশেষ প্রদর্শনী সজ্জাকরণ" বিষয়ক সেমিনার

- প্রত্নতত্ত্ব অধিদপ্তর, কাস্টোডিয়ানের কার্যালয়, এম.এম.দত্তবাড়ি, সাগরদাঁড়ি, কেশবপুর যশোর এর আয়োজনে ০৮ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ সেমিনার কক্ষে "এম এম. দত্তবাড়ির উন্নয়নে করণীয়" শীর্ষক  সেমিনারের আয়োজন করা হয়।  সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এম এম. দত্তবাড়ির কাস্টোডিয়ান জনাব মোসা: আইরীন পারভীন। সেমিনারের আলোচক ছিলেন এম এম. দত্তবাড়ির বিভিন্ন গ্রেডের কর্মচারীবৃন্দ।



এম এম. দত্তবাড়ির উন্নয়নে করণীয় শীর্ষক সেমিনার



এম এম. দত্তবাড়ির উন্নয়নে করণীয় শীর্ষক সেমিনারে অংশগ্রহণকারীবৃন্দ

- প্রত্নতত্ত্ব অধিদপ্তর, কাস্টোডিয়ানের কার্যালয়, রবীন্দ্র কুঠিবাড়ি, শিলাইদহ, কুষ্টিয়ার আয়োজনে ১৬ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ রবীন্দ্র কুঠিবাড়ির নবনির্মিত রেস্ট হাউজের সেমিনার কক্ষে "কুষ্টিয়া জেলার সংরক্ষিত পুরাকীর্তি সমুহের হালনাগাদ অবস্থা পর্যালোচনা ও করণীয়" শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন রবীন্দ্র কুঠিবাড়ির কাস্টোডিয়ান জনাব মো: মুখলেছুর রহমান ভূঁঞা। সেমিনারের আলোচক ছিলেন রবীন্দ্র কুঠিবাড়ির গ্রন্থাগারিক তথা জিম্মাদার জনাব মো. বাকী বিল্লাহ।




কুষ্টিয়া জেলার সংরক্ষিত পুরাকীর্তি সমুহের হালনাগাদ অবস্থা পর্যালোচনা ও করণীয় শীর্ষক সেমিনার



কুষ্টিয়া জেলার সংরক্ষিত পুরাকীর্তি সমুহের হালনাগাদ অবস্থা পর্যালোচনা ও করণীয় শীর্ষক সেমিনারে অংশগ্রহণকারীবৃন্দের আলোকচিত্র

- আঞ্চলিক পরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, খুলনা ও বরিশাল বিভাগ, খুলনা এর সার্বিক দিকনির্দেশনায় ১৮ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৩ ঘটিকার সময় বাগেরহাট জাদুঘরের সেমিনার কক্ষে বাগেরহাট সদর উপজেলার প্রত্নতাত্ত্বিক জরিপ ও অনুসন্ধান কার্যক্রম ২০২১-২০২২ শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব শেখ সাইফ উদ্দিন আহম্মদ, খানজাহানিয়া গণবিদ্যালয়, সুন্দরঘোনা, বাগেরহাট। সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনাব আখতরুজ্জামান বাচ্চু, চেয়ারম্যান, ষাটগম্বুজ ইউনিয়ন পরিষদ, বাগেরহাট ও জনাব আরিফুল ইসলাম আকিঞ্জি, চ্যানেল ২৪ বাগেরহাট প্রতিনিধি, জনাব আলী আকবর টুটুল, সময় টিভি বাগেরহাট প্রতিনিধি এবং জনাব ইনজামামুল হক, প্রথম আলো পত্রিকার বাগেরহাট প্রতিনিধি। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ষাটগম্বুজ মসজিদ, বাগেরহাট জাদুঘরের কাস্টোডিয়ান, জনাব মো: যায়েদ।



বাগেরহাট সদর উপজেলার প্রত্নতাত্ত্বিক জরিপ ও অনুসন্ধান কার্যক্রম ২০২১-২০২২ শীর্ষক সেমিনার



বাগেরহাট সদর উপজেলার প্রত্নতাত্ত্বিক জরিপ ও অনুসন্ধান কার্যক্রম ২০২১-২০২২ শীর্ষক সেমিনার

**পদ্মা সেতু উদ্বোধন:**

- ২৫ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনায় ড্রপ ডাইন ব্যানার স্থাপন, আলোকসজ্জা করা হয় এবং নিয়ন্ত্রণাধীণ সকল জাদুঘরসমূহে আলোকসজ্জা করা হয়।
- প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের আঞ্চলিক পরিচালক বাংলাদেশ টেলিভিশনে সেতু নয় স্বপ্ন অনুষ্ঠানে পদ্মা সেতু উদ্বোধন হলে পর্যটন উন্নয়নে কি বিপ্লব ঘটবে সে সম্পর্কে বক্তব্য প্রদান করেন।
- জেলা প্রশাসন, খুলনা কর্তৃক দিনব্যাপী আয়োজিত পদ্মা সেতু উদ্বোধন অনুষ্ঠানে ২৫ জুন ২০২২ খ্রিস্টাব্দ তারিখ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনার বিভিন্ন গ্রেডের কর্মচারীগণ অংশগ্রহণ করেন।



পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনায় আলোকসজ্জা



পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে বাগেরহাট জাদুঘরে ড্রপ ডাউন ব্যানার স্থাপন ও আলোকসজ্জা



পদ্মা সেতু উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ



পদ্মা সেতু উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ




পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে রবীন্দ্র কুঠিবাড়ীর আলোকসজ্জা



পদ্মা সেতু উদ্বোধন উপলক্ষে আমঝুপি নীলকুঠি আলোকসজ্জা

**প্রকাশনা প্রকাশ:**

- প্রত্নতত্ত্ব অধিদপ্তরের আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা ও বরিশাল বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ অর্থ বছরের প্রকাশনা কার্যক্রমে শের-ই-বাংলা স্মৃতি জাদুঘর, চাখার বরিশাল এর ব্রুশিয়র ও কপিলমুণি প্রত্নটিবির পোস্টার প্রকাশ করা হয়।

| | |
|---|---|
|   |   |
| বুশিয়র | পোষ্টার |

**সংস্কার-সংরক্ষণ:**

- ২০২১-২০২২ অর্থবছরে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সংরক্ষিত পুরাকীর্তি মাগ মাগুরা জেলার 'রাজা সিতারাম রায়ের কীর্তসমূহ' এর মধ্যে অন্যতম প্রত্নস্থল 'তোষাখানা' এর সংস্কার-সংরক্ষণ কাজ সম্পন্ন করে আদি অবয়বে ফিরিয়ে আনা হয়েছে।

| | |
|---|---|
|  |  |
| সংস্কার পরবর্তী সম্মুখ দেয়ালের সাধারণ দৃশ্য | উত্তর দিকের সংস্কার পরবর্তী ভিতর দেয়ালের সাধারণ দৃশ্য |

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর :**

- ২২ জুন, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সাথে আঞ্চলিক পরিচালক, খুলনা ও বরিশাল বিভাগের সাথে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

| | |
|---|---|
|  |  |
| ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর |